যুগান্তর

তারিখ: 29 MAR 2016
পৃষ্ঠা: … কলাম: …

# নতুন স্কেলে বেতন পাচ্ছেন ৫ লাখ শিক্ষক-কর্মচারী

## ৬ মাসের বকেয়াও দেয়া হবে

**যুগান্তর রিপোর্ট**

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের নতুন বেতন স্কেলে বেতন দেয়ার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে ৬ মাসের বকেয়াও দেয়ার নির্দেশনা দেয়া হয়েছে। সোমবার রাতে এ দুই খাতের জন্য ২ হাজার ৫৩ কোটি ৫০ লাখ টাকা ছাড় করা হয়েছে। ফলে ১ এপ্রিল থেকে নতুন স্কেলে চলতি মাসের বেতন ও বকেয়া তুলতে পারবেন শিক্ষক-কর্মচারীরা। বিষয়টি নিশ্চিত করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

সরকারের এ নির্দেশনার সঙ্গে ৫ লাখ শিক্ষক-কর্মচারীর বহুল প্রতীক্ষার অবসান হল। কেননা, নতুন স্কেলে বেতন পাওয়া নিয়ে এক ধরনের অনিশ্চয়তা তৈরি হয়েছিল। বিশেষ করে ১৫ ডিসেম্বর জারি করা বেতন স্কেলের গেজেটে বেতনের বিষয়ে কোনো নির্দেশনা না থাকায় বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অনিশ্চয়তা শুরু হয়। এরপর ২০ ডিসেম্বর এ বিষয়ে অর্থ

■ পৃষ্ঠা ১৪ : কলাম ৪

# নতুন স্কেলে বেতন পাচ্ছেন ৫ লাখ

(১ম পৃষ্ঠার পর)

মন্ত্রণালয়ের বরাতে শিক্ষা মন্ত্রণালয় থেকে জারি করা প্রজ্ঞাপনে নতুন বেতন স্কেলের জন্য বিভিন্ন শর্ত আরোপ করা হয়। এতে শিক্ষক-কর্মচারীদের বেতন পাওয়া নিয়ে অনিশ্চয়তা আরও বেড়ে যায়। এ অবস্থায় সরকারপন্থী ও সরকারবিরোধীসহ বিভিন্ন শিক্ষক সংগঠন আন্দোলন কর্মসূচি ঘোষণা করে। কয়েকটি সংগঠন মানববন্ধন ও বিক্ষোভসহ নানা কর্মসূচিও পালন করে। শিক্ষকদের চাপে শিক্ষা মন্ত্রণালয় নড়েচড়ে বসে। খোদ শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিষয়টি সমাধানের উদ্যোগ নেন। শিক্ষা মন্ত্রণালয়ের সচিবসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা দফায় দফায় অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে দেন-দরবার করেন। অবশেষে সোমবার শেষ বিকালে অর্থ মন্ত্রণালয় থেকে সেই কাঙ্ক্ষিত আদেশ পৌঁছায় শিক্ষা মন্ত্রণালয়ে। এরপর রাতে শিক্ষা মন্ত্রণালয় থেকে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের নতুন স্কেলে বেতন দেয়ার আদেশ জারি করা হয়।

এ বিষয়ে শিক্ষামন্ত্রী যুগান্তরকে বলেন, 'নতুন স্কেলে বেতন না পাওয়ার কোনো যুক্তিই ছিল না। খোদ প্রধানমন্ত্রী বলে দিয়েছেন শিক্ষকরাও নতুন স্কেলে সুবিধা পাবেন। তারই নির্দেশনামতো সরকারি চাকরিজীবীদের সঙ্গে শিক্ষকরাও মহার্ঘ ভাতা পেয়ে আসছিলেন।'

তিনি বলেন, 'নতুন স্কেলে বেতন দেয়ার জন্য শিক্ষা পরিবারের একজন সদস্য হিসেবে আমি প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানাই। পাশাপাশি শিক্ষক সমাজের কাছে অনুরোধ রাখছি— আপনারা বিবেক ও নৈতিকতার সঙ্গে শিক্ষাপ্রতিষ্ঠানে দায়িত্ব পালন করুন। সরকার আপনাদের দিয়েছে। আপনারাও জাতিকে দিন।' জানা গেছে, নতুন স্কেলে শিক্ষকদের বেতন-ভাতা গড়ে ৪৮ ভাগ বেড়েছে। গত বছরের জুলাই থেকে ২০ শতাংশ মহার্ঘ ভাতা দেয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, বর্তমানে সারা দেশে প্রায় ৫ লাখ শিক্ষক-কর্মচারী বেতন পাচ্ছেন। এর মধ্যে সাধারণ স্কুল-কলেজ ও মাদ্রাসা শিক্ষক-কর্মচারী আছেন ৪ লাখ ৭৯ হাজার ২৯২ জন। কারিগরি স্কুল-কলেজ ও মাদ্রাসায় আছেন ১৭ হাজার ৩৭৬ জন। সাধারণ শিক্ষাপ্রতিষ্ঠানের বেতন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি) এবং কারিগরি প্রতিষ্ঠানের বেতন কারিগরি শিক্ষা অধিদফতর বণ্টন করে। এ ব্যাপারে মাউশি পরিচালক অধ্যাপক এলিয়াছ হোসেন জানান, 'শিক্ষামন্ত্রী মহোদয়ের নির্দেশে আমরা আগেই ৬ মাসের বকেয়াসহ নতুন স্কেলে মার্চের বেতনের হিসাব চূড়ান্ত করে রেখেছিলাম। ১ এপ্রিলই শিক্ষক-কর্মচারীদের হাতে বেতন ও বকেয়া দেয়ার আশা করছি।'

এর আগে বিকালে অর্থ মন্ত্রণালয় বকেয়াসহ নতুন স্কেলে বেতন দেয়ার অনুমতিসহ বকেয়া অর্থ বরাদ্দ দেয়ার সম্মতিসূচক চিঠি শিক্ষা মন্ত্রণালয়কে দেয়। খোদ শিক্ষামন্ত্রী এবং মন্ত্রণালয়ের কর্মকর্তারা এ চিঠির জন্য অপেক্ষা করছিলেন। এ কারণে চিঠি পাওয়ার সঙ্গে সঙ্গে তা জারির ব্যবস্থা করা হয়। মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানিয়েছেন, সংশোধিত বাজেটে জানুয়ারি-ফেব্রুয়ারির বেতনের বকেয়া টাকা বরাদ্দ দেবে অর্থ মন্ত্রণালয়। এরপর এই দুই মাসের বকেয়াও পরিশোধ করা হবে। এদিকে নতুন স্কেলে বেতন দেয়ার খবরে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন শিক্ষক নেতারা। রাজধানীর শেখ বোরহানুদ্দীন পোস্ট গ্র্যাজুয়েট কলেজের অধ্যক্ষ আবদুর রহমান সোমবার রাতে সন্তুষ্টি প্রকাশ করে বলেন, সরকারি চাকরিজীবীদের সঙ্গে শিক্ষকদের সমানতালে স্কেল দেয়ার মাধ্যমে শিক্ষার প্রতি এ সরকারের কমিটমেন্ট কতটা প্রগাঢ় তা প্রকাশ পেল। শিক্ষক সমাজ জাতিকে তার প্রতিদান দেবে বলে তিনি বিশ্বাস করেন। শিক্ষক কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বলেন, অষ্টম স্কেলে বেতন দেয়ার সরকারি প্রজ্ঞাপন জারির সংবাদ স্বস্তিদায়ক। এছাড়া স্বাধীনতা শিক্ষক পরিষদের নেতা অধ্যক্ষ শাহ আলম সাজু, বাংলাদেশ শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মহসিন রেজা প্রমুখ সরকারকে ধন্যবাদ জানিয়েছেন।